দামুড়হুদায় এক রাতে দুইটা গরু চুরি: থানায় মামলা, গ্রেফতার ৫

দামুড়হুদা উপজেলার চারুলিয়া গ্রাম থেকে একই রাতে দুই কৃষকের গোয়াল ঘর থেকে দুইটা গরু চুরি করে নিয়ে গেছে চোরের দল। এতে কৃষকদের আর্তনাদে এলাকার আকাশ বাতাস ভাড়ি হয়ে উঠেছে।

গত শুক্রবার দিবাগত গভীর রাতে এই চুরির ঘটনা ঘটে। এ ঘটনায় ভুক্তভোগী মামুন থানায় এজাহার দায়ের করে। চুরির ঘটনায় ৫ জনকে গ্রেফতার করে দামুড়হুদা মডেল থানার পুলিশ।

এজাহার সুত্রে জানাগেছে, দামুড়হুদা মডেল থানার অন্তর্গত চারুলিয়া পুলিশ ক্যাম্প এলাকার চারুলিয়া মাদ্রাসা পাড়ার মোঃ রওশন আলী’র ছেলে কৃষক মোঃ মামুন (৪০) এর গোয়াল ঘর থেকে ১টি লাল রঙের বকনা গরু (যার আনুমানিক বাজার মূল্য একলক্ষ টাকা) ও একই গ্রামের মৃত বাবু হোসেন এর ছেলে মোঃ লাল চাঁদ (৩০) এর গোয়ালঘর হতে ১টি কালো রঙের ষাঁড় গরু (যার আনুমানিক বাজার মূল্য নব্বই হাজার টাকা) চোরেরদল দিবাগত শুক্রবার গভীর রাতে চুরি করে নিয়ে যায়। এ ঘটনায় ভুক্তভোগী মামুন দামুড়হুদা মডেল থানায় হাজির হয়ে মেহেরপুর জেলার মুজিবনগর থানার মহাজনপুর (খাপাড়া) গ্রামের মৃত সুন্নত আলী শেখ এর ছেলে মোঃ সেন্টু (৪৫), এবং দামুড়হুদা উপজেলার চারুলিয়া গ্রামের মোঃ কিনু খাঁ এর ছেলে মোঃ মেহের আলী (৩৫), মৃত: হায়াত আলী এর ছেলে মোঃ কছিম উদ্দিন (৩৭), মৃত বাবুল আক্তার এর ছেলে মোঃ মানিক (৪৫) এবং আব্দুর রশিদ এর ছেলে মোঃ শাহিন (৪০) এর বিরুদ্ধে একটি এজাহার দায়ের করেন। খোঁজ নিয়ে জানা যায় আসামী গন সকালে চুরির বিষয় স্বীকার করে এবং ৭০ হাজার টাকায় মীমাংসার চেষ্টা করে। ভুক্তভোগী মামুন ও লালচাঁদ তাদের সহিত কোন আপোষ করেনা এবং গরু চোরদের বিরুদ্ধে এজাহার দায়ের করেন। গ্রেফতার কৃত আসামীগন বর্তমানে দামুড়হুদা মডেল থানা হেফাজতে আছে। তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির বলেন, গরু চুরির ঘটনায় ৫ জনকে গ্রেফতার করা হয়েছে। আজ আসামিদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।